



চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com

তারিখ-২৯/০৮/২০২০খ্রিঃ।

চুয়াডাঙ্গার এলাকায় হাটকালুগঞ্জে আরসিসি রাস্তার নির্মাণকাজের উদ্বোধনকালে মেয়র জিপু চৌধুরী, 'আমি চাই প্রত্যেকটি কাজ যেন টেকসই মূলক কাজ হয়'।

চুয়াডাঙ্গা পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু বলেছেন, আমাদের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সারা বাংলাদেশে ব্যাপক উন্নয়ন করছেন। তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গাতেও ইতোমধ্যে আমার পরিষদের মাধ্যমে ৯১ কোটি টাকার টেন্ডার হয়েছে। তার মধ্যে অধিকাংশ কাজ শেষ হয়েছে এবং কিছু কাজ চলমান। আরো নতুন নতুন কাজ আসছে। যেগুলি অচিরেই টেন্ডার হবে।

তিনি আরো বলেন, আপনাদের এই হাটকালুগঞ্জে জলাবদ্ধতা ছিলো। অনেক সমস্যা ছিলো। অল্প পানিতেই ডুবে যেতো। রাস্তাগুলোর অনেক দুর্দশা ছিলো। কাঁদা হতো, সে রাস্তাগুলি নতুন হচ্ছে। আপনারা দেখতে পারছেন কাজের মান অনেক ভালো। আমি চাই প্রত্যেকটি কাজ যেন টেকসই মূলক কাজ হয়। আমরা তো কাজের মান বুঝে নিবোই। আপনাদেরও বুঝে নিতে হবে। গত শনিবার ২৯/০৮/২০২০ খ্রিঃ সকাল সাড়ে ১০টায় চুয়াডাঙ্গা পৌর এলাকার ১নং ওয়ার্ডের পুলিশ লাইনের সামনের হাটকালুগঞ্জে আরসিসি রাস্তা নির্মাণের ঢালাই কাজের উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের অর্থায়নে চুয়াডাঙ্গা পৌরসভার আওতায় এ নির্মাণ কাজের উদ্বোধন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা পৌরসভার ১নং ওয়ার্ড কাউন্সিলর জাহাঙ্গীর আলম, কাউন্সিলর শাহিনা আক্তার রুবি, সহকারি প্রকৌশলী হাফিজুর রহমান কাওসার, ঠিকাদারী প্রতিষ্ঠান মিলন এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী আবুল হোসেন মিলন, উপ-সহকারি প্রকৌশলী আনিসুজ্জমান, পৌর ডিগ্রী কলেজের প্রভাষক কুদরত ই খুদা, পৌরসভার কার্য সহকারি সোহেল, স্বেচ্ছাসেবক লীগ নেতা আব্দুর রাজ্জাক, পৌর শ্রমিক লীগের সভাপতি মো. নবি, পৌর ছাত্রলীগের সহ-সভাপতি জাহাঙ্গীর, ছাত্রলীগ নেতা সুমন, ফিরোজ আলম, স্বাধীন, তানভীর, টুটুল, স্থানীয় বাসিন্দা হযরত মিস্ত্রি, মনোয়ার হোসেন, সালাম, মোমিন, নাসির, বাবু প্রমুখ।



সময়মত পৌরকর পরিশোধ করুন। সময়মত পানির বিল পরিশোধ করুন, সময়মত আপনার মিশুকে টিকা দিন।